দৈনিক ইনকিলাব

তারিখ ... 05 APR 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

16

# পরীক্ষায় দুর্নীতি রোধে গঠিত কমিটির সভা

দেশের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, ডিগ্রী ও মাদ্রাসার বিভিন্ন পাবলিক পরীক্ষায় বিরাজমান দুর্নীতি রোধকল্পে সরকারের নিকট সুপারিশ পেশ করার লক্ষ্যে গঠিত কমিটির এক সভা গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান। সভায় কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।

সভায় প্রশ্নপত্র প্রণয়ন, মুদ্রণ ও বিতরণ এবং সুষ্ঠুভাবে পরীক্ষাগ্রহণ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ ব্যাপারে মতামত সংগ্রহের লক্ষ্যে পরবর্তী সভায় কিছু সংখ্যক শিক্ষক/শিক্ষিকার সাক্ষাতকার গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। —তথ্যবিবরণী।